National Resilience Programme

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রনালয়
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকতার কার্যালয়
চিলমারী,কুড়িগ্রাম

এনআরপি ডিডিএম পার্ট ও দুর্যোগঝুঁকি হ্রাস অন্তর্ভুক্তিমূলক সামাজিক নিরাপত্তা কার্যক্রম এর মাধ্যমে পরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত
সভার কার্য বিবরণীঃ

স্মারক নং- :

স্থান : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার অফিস রুম, চিলমারী,কুড়িগ্রাম
তারিখ : ১৯ মার্চ ২০২০ ইং
সময় : সকাল ১১: ০০ ঘটিকা

সভায় অংশগ্রহনকারী

| ক্রমিক নং | নাম | পদবি | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | মো: কোহিনুর রহমান | পিআইও | স্বাক্ষরিত | |
| ০২ | মো: আমীর হাসান | পিএম , এসএসএন-ইএসডিও | স্বাক্ষরিত | |
| ০৩ | মো: আতিকুজ্জামান | উপ -সহকারী প্রকৌশলি,পি আইও অফিস | স্বাক্ষরিত | |
| ০৪ | মো: আসাদুজ্জমান | এপিএম, এসএসএন-ইএসডিও | স্বাক্ষরিত | |
| ০৫ | মো: আফজাল হোসেন | সিএফ,এফপিপি,কেয়ার | স্বাক্ষরিত | |

সভার আলোচ্য বিষয়সমুহঃ

১. পরিচিতি পর্ব ও স্বাগত বক্তব্য
২. ইজিপিপি উপকারভোগী নির্বাচন
৩. দুর্যোগঝুঁকি হ্রাস অন্তর্ভুক্তিমূলক সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি) পরিকল্পনা প্রণয়ন

৪. বিবিধ

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ,চিলমারী এর কার্যালয়ে এনআরপি ডিডিএম পার্ট ও দুর্যোগঝুঁকি হ্রাস অন্তর্ভুক্তিমূলক সামাজিক নিরাপত্তা কার্যক্রম বাস্তবায়নকারী সংস্থা ইএসডিও আয়োজনে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব, মো: কোহিনুর রহমান (পিআইও) , চিলমারী,কুড়িগ্রাম।

১ নং আলোচ্য সুচি অনুযায়ী জনাব, মো: কোহিনুর রহমান্ (পিআইও) সভার সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতে মো: আমীর হাসান প্রজেক্ট ম্যানেজার এসএসএন-ইএসডিও সকলকে পরিচয় প্রদান করতে অনুরোধ করেন এবং ন্যাশনাল রেজিলিয়েন্স প্রোগ্রাম এর লক্ষ উদ্দেশ্য কার্যক্রম বিস্তারিত উপস্থাপন করেন।

২নং আলোচ্য সুচি অনুযায়ী জনাব, মো: কোহিনুর রহমান্ (পিআইও) বলেন যে ইজিপিপি উপকারভোগী এলাকার সকল অতি দরিদ্র পরিবারের জন্য উন্মুক্ত। উপকারভোগী নির্বচনের ক্ষেত্রে নিন্মুক্ত শর্তাবলি বিবেচিত হবে:

১. পুরুষ অথবা মহিলা যার বয়স ১৮ থেকে ৬০ বছর এর মধ্যে হতে হবে।
২. যার বসতভিটা ০.১০ একর এর নিচে ,স্বল্প আয়ের লোক,যার গড় মাসিক আয় ৪০০০ টাকা নিচে এবং গড় বাষিক আয় ৪৮০০০ টাকা নিচে। যার মৎস্য চাষের জন্য কোন পুকুর নেই বা উল্লেখযোগ্য কোন প্রাণি সম্পদ নেই।
৩. সরকারী অন্য কোন সামাজিক নিরাপত্তা বেষ্টনি কর্মসূচির অধিনে সুবিধা প্রাপ্ত ব্যক্তি এ কমসূচির সদস্য হতে পারবেনা।

৩ নং আলোচ্য সুচি অনুযায়ী জনাব, মো: কোহিনুর রহমান বলেন যে কমিউনিটি রিস্ক এ্যাসেসমেন্ট (সিআরএ) এবং মাধ্যমে স্থানিয় চাহিদা অনুসারে স্থানিয় জনগন ও উপকারভোগীদের সম্পৃক্ত করে ওয়ার্ড পর্যায়ে দুর্যোগঝুঁকি হ্রাস অন্তর্ভুক্তিমূলক সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির সামাজিক প্রকল্পের প্রাথমিক নির্বাচন করার পরিকল্পনা গ্রহন করা হয়েছে। যা এনআরপি ও দুর্যোগঝুঁকি হ্রাস অন্তর্ভুক্তিমূলক সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় যৌথ ভাবে বাস্তবায়ন করা হবে। উল্লেখ্য যে সাধারনভাবে সি ও ডি ক্যাটাগরির (দরিদ্রসূচক অনুসারে) উপজেলার প্রত্যক ইউনিয়নে ৫ টি এবং এ ও বি ক্যাটাগরির উপজেলার ক্ষেত্রে প্রতি ইউনিয়নে ৯ টি প্রকল্প গ্রহন করা যাবে। এনআরপি ডিডিএম পার্ট কতৃক পরিচালিত স্টাডির মাধ্যমে প্রণিত দুর্যোগঝুঁকি হ্রাস অন্তর্ভুক্তিমূলক সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত গাউড লাইন প্রকল্পের স্কিম নির্বাচনের ক্ষেত্রে ব্যবহার করা হবে।

৪ নং আলোচ্য সূচি অনুযায়ী মো: আমীর হাসান প্রজেক্ট ম্যানেজার এসএসএন-ইএসডিও বলেন যে এনআরপি ও দুর্যোগঝুঁকি হ্রাস অন্তর্ভুক্তিমূলক সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় ইএসডিও ইজিপিপি প্রকল্পের উপকারভোগীদের নিবাচন করে তাদের প্রশিক্ষন চাহিদা যাচাই করবে এবং প্রশিক্ষন চাহিদা অনুযায়ী নিধারিত উপকারভোগীকে আইজিএ প্রশিক্ষন প্রদান করা হবে। এবং স্থানিয় জনসাধারেনর সাথে সম্পৃক্ত হয়ে কমিউনিটি রিস্ক এ্যাসেসমেন্ট (সিআরএ) করা হবে। এনআরপি এবং ইজিপিপি প্রকল্পের মাধ্যমে কিছু সংখ্য স্কিম যৌথ ভাবে বাস্তবায়ন করা হবে। সভার সভাপতি জনাব, মো: কোহিনুর রহমান্ (পিআইও) বলেন যে ব্যক্তিগত ভাবে তার কোন সহযোগিতা প্রয়োজন হলে সব সময় তাকে পাশে পাওয়া যাবে। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় তিনি উপস্থিত সকলকে আন্তরিকভাবে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭/৩/২০২০

সভাপতি : মো: কোহিনুর রহমান
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা , চিলমারী,কুড়িগ্রাম।

স্মারক নং-

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:
১। জেলা ত্রাণ ও পূর্ণবাসন কর্মকর্তা,কুড়িগ্রাম।
২। চেয়ারম্যান উপজেলা পরিষদ,চিলমারী,কুড়িগ্রাম।
৩। উপজেলা নিবাহী অফিসার, চিলমারী,কুড়িগ্রাম।
৩। ইউপি চেয়ারম্যান সকল ------------------------------------
৪। অফিস কপি।